**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বচ্ছতার মাধ্যমে সরকারি চাকুরী প্রদানে রাজ্য সরকার দৃষ্টান্ত স্থাপন করেছে।**

**(২) উৎসাহ ও উদ্দীপনায় আজ রাজ্যের সর্বত্র জগন্নাথ দেবের রথ যাত্রা উৎসব পালিত হচ্ছে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন দেশের সুস্থায়ী অর্থনৈতিক উন্নয়নের জন্য অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ একটি শক্তিশালী স্তম্ভ।**

**(৪) আকাশবাণীর উত্তর-পূর্বাঞ্চলের শ্রোতাদের মতামত জানানোর জন্য আজ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে অন লাইন এপ্লিকেশন "RAISE" ।**

************************************

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বচ্ছতার মাধ্যমে সরকারি চাকুরী প্রদানে রাজ্য সরকার দৃষ্টান্ত স্থাপন করেছে। আজ আগরতলা মুক্তধারা অডিটরিয়ামে বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের অধীন ২২২ জন অফার প্রাপকদের চাকুরীর অফার বন্টন অনুষ্ঠানে একথা বলে তিনি। মুখ্যমন্ত্রী বলেন সরকারি চাকুরীতে যোগদান করার পর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যে সমস্ত প্রকল্পগুলি রয়েছে তা বাস্তবায়নের লক্ষে চাকুরী প্রাপকদের কাজ করে যেতে হবে। তবেই সাধারণ মানুষ এর সুফল পাবে।

#####Byte-CM-Offer####

*******************************

**Rath Yatra :**

উৎসাহ ও উদ্দীপনায় আজ রাজ্যের সর্বত্র জগন্নাথ দেবের রথ যাত্রা উৎসব পালিত হচ্ছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে বিকেলে ভগবান জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা দেবীকে নিয়ে একটি সুসজ্জিত রথ বের করা হয়। ইস্কন মন্দিরের উদ্যোগেও আগরতলার পূর্বাশা প্রাঙ্গন থেকে, হরেকৃষ্ণ মন্দিরের উদ্যোগে আশ্রম চৌমুহনী থেকেও রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। মেলাঘরে উত্তর-পূর্বাঞ্চলের ৯ দিন ব্যাপী ঐতিহ্যবাহী রথের মেলায় আজ বহু পুন্যার্থীর সমাগম হয়। উদয়পুরের জগন্নাথ মন্দির থেকেও আজ ঐতিহ্যবাহী রথযাত্রার আয়োজন করা হয়।

সাংসদ বিপ্লব কুমার দেব আগরতলার যোগেন্দ্রনগর আদর্শ কলোনীস্থিত গৌর গোবিন্দ ভজন কুটির প্রাঙ্গনেও বামুটিয়াস্থিত গৌর নিতাই সংঘ আয়োজিত জগন্নাথ দেবের রথ যাত্রায় অংশ নেন।

দক্ষিণ জেলার বাইখোড়া, জোলাইবাড়ি, বিলোনিয়া, সাব্রুম সহ বিভিন্ন জনপদে আজ ধর্মীয় রীতি মেনে আয়োজন করা হয়েছে রথযাত্রা উৎসব।

***************************

**CM-Mohanpur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মোহনপুরের পশ্চিম তারানগরে ইংরেজি মাধ্যম চিন্ময় হরিহর বিদ্যালয়ের উদ্বোধন করেন। তাছাড়া তিনি চিন্ময় সুন্দরী মন্দিরের ভূমিপূজনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সামাজিক-অর্থনৈতিক উন্নতির জন্য শিক্ষা প্রয়োজন। প্রধানমন্ত্রী বলেছেন, যে দেশের মানুষের শিক্ষা যত বেশি, সেই দেশ বেশি উন্নত হবে। তিনি বলেন, চিন্ময় হরিহর বিদ্যালয়ে ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের দক্ষতা বৃদ্ধির শিক্ষা দেওয়া হবে।

####Byte-CM-Mohanpur####

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেন, চিন্ময় মিশন ভারতের ১৩টি রাজ্য ও বিদেশে ৮৩টি বিদ্যালয়, ৯টি কলেজ ও একটি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে মূল্যবোধসম্পন্ন শিক্ষার বিস্তারে ব্যাপক কাজ করছে। তাছাড়া সারা বিশ্বে স্থাপিত ৩০০টি কেন্দ্রের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, গ্রামোন্নয়নে মিশন বিশেষ ভূমিকা পালন করছে।

শারীরিক প্রতিবন্ধকতাকে জয় করে টি.আর.বি.টি পরিচালিত সাম্প্রতিক টেট ২ পরীক্ষায় দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন করেছে মোহনপুর বিধানসভার বিজয় নগরের পাপন সূত্রধর। আজ চিন্ময় মিশন ত্রিপুরা পরিচালিত চিন্ময় হরিহর বিদ্যালয়ের উদ্বোধনী মঞ্চ থেকে মন্ত্রী রতনলাল নাথের উদ্যোগে একটি লেপটপ শ্রী সূত্রধরের হাতে তুলে দিয়ে তাঁর সফল ভবিষ্যত কর্মজীবনের জন্য শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

****************************

**EMERGENCY-SAMBIDHAN HATYA :**

৫০ বছর আগেকার সেদিন ভারতের প্রধানমন্ত্রী জানিয়েছিলেন, দেশের রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করেছেন। তিনি সঙ্গে এটাও জানিয়েছিলেন যে এই ঘোষণায় আতংকিত হওয়ার কোন কারণ নেই। কিন্তু দেশের মানুষ তখন হতবাক! কি এমন ঘটলো যে জরুরি অবস্থা! তাই বিস্তৃত জানার জন্য অপেক্ষা করছিলেন সবাই, কখন আসবে সংবাদপত্র! কিন্তু স্বাধীন ভারতবর্ষে সেই প্রথম দিন ছিল, সরকার পত্রিকা ছাপতেই দিল না। কন্ঠ রোধ করা হলো সংবাদপত্রেরও। একটি প্রতিবেদন।

##########VC########

*********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে দেশের সুস্থায়ী অর্থনৈতিক উন্নয়নের জন্য অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ অর্থাৎ এমএসএমই ইকোসিস্টেম অপরিহার্য, কারণ এটি দেশের সমস্ত অর্থনীতির একটি শক্তিশালী স্তম্ভ। আজ নতুনদিল্লিতে আন্তর্জাতিক এমএসএমই দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে এমএসএমই ক্ষেত্র দেশের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

#######Byte-President#####

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত ১২৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে।। অনুষ্ঠানের

অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে।। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**RAISE :**

আকাশবাণীর উত্তর-পূর্বাঞ্চলের শ্রোতাদের মতামতের জানানোর জন্য আজ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে অন লাইন এপ্লিকেশন "RAISE" এর। যেখানে শ্রোতারা তাদের পছন্দের অনুষ্ঠান ও ঘোষক ঘোষিকাদের মূল্যায়ন করতে পারবেন। গুয়াহাটিতে আকাশবাণীর উত্তর পূর্বের কেন্দ্রীয় কার্যালয় থেকে উত্তর-পূর্বাঞ্চলের অতিরিক্ত মহাপরিচালক আশিস ভাটনাগর রিমোটের বোতাম টিপে এই অ্যাপের উদ্বোধন করেন। ভার্চুয়ালি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১২টি আকাশবাণী কেন্দ্রের আধিকারিক এবং শ্রোতারা। প্রতিটি স্টেশন থেকে শ্রোতারা এদিন নিজেদের মতামত তুলে ধরেন অনুষ্ঠানে। অনুষ্ঠান শেষে এই অ্যাপ তৈরিতে সহযোগিতা করার জন্য আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে কারিগরি বিভাগের সহযোগী অরিন্দম পাল ও শুভ্রজিত দেবরায় কে সম্বর্ধনা জানান শ্রী ভাটনাগর।

***************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত মৌচাক ক্লাব ও নবোদয় সংঘের খেলাটি ১-১ গোলে শেষ হয়। উভয় দল পয়েন্ট ভাগ করে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের  দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি অন্যান্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************